| ৪. | অভিযোগ নিষ্পত্তি | প্রাপ্ত অভিযোগ তদন্তপূর্বক পত্রজারি/ই-মেইলের মাধ্যমে | অভিযোগ সংক্রান্ত আবেদন দাখিল করতে হবে | বিনামূল্যে | ৩০ ( ত্রিশ) কর্মদিবস | GRS ফোকাল পয়েন্ট মোছাঃ আবিদা সুলতানা, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও ৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। মোবা: ০১৭২২১৪৩৪২৫ ইমেইল:mostabedaeco@yahoo.com |
| ৫. | তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান | পত্র জারির মাধ্যমে/ই-মেইলে | নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা এবং এনপিও’র ওয়েবসাইট | তথ্য অধিকার আইন ২০০৯ এ বর্ণিত সরকারি ফি | ২০ ( বিশ) কর্মদিবস | দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা মোছাঃ আবিদা সুলতানা, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও ৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। মোবা: ০১৭২২১৪৩৪২৫ ইমেইল: mostabedaeco@yahoo.com |

২.২) প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড প্রদান | এসেসমেন্ট কমিটি ও জুরী বোর্ডের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পর পুরস্কার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান | ১। পূরণকৃত আবেদন ফরম (আবেদন ফরম এনপিও হতে সংগ্রহ করতে হবে)<br>২। আবেদনকারীর ১ (এক) কপি ছবি<br>৩। প্রতিষ্ঠানের সম্মুখভাগের ১ (এক) কপি ছবি<br>৪। যথাযথ স্ট্যাম্পের উপর হলফনামা<br>৫। TIN সার্টিফিকেটের কপি<br>৬। তথ্যের প্রামাণিক দলিলাদি<br>৭। আবেদন ফরমের টাকা ব্যাংকে জমার রশিদ | ০৭ টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়। প্রত্যেক ক্যাটাগরির আবেদন ফরমের জন্য মূল্য পরিশোধ করতে হয়। ক্যাটাগরি ভিত্তিক ফরমের মূল্য নিম্নরূপ:<br>১। ক্যাটাগরি-এ : বৃহৎ শিল্প-৫০০০/- টাকা<br>২। ক্যাটাগরি-বি : মাঝারী শিল্প-৩০০০/- টাকা<br>৩। ক্যাটাগরি-সি : ক্ষুদ্র শিল্প-২০০০/- টাকা<br>৪। ক্যাটাগরি-ডি : মাইক্রো শিল্প—১০০০/- টাকা<br>৫। ক্যাটাগরি-ই : কুটির শিল্প—১০০০/- টাকা<br>৬। ক্যাটাগরি-এফ : রাষ্ট্রায়াত্ত শিল্প প্রতিষ্ঠান—৪০০০/- টাকা<br>৭। ক্যাটাগরি-জি : Institutional Appreciation Award—৫০০০/- টাকা<br>আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি সরকারি খাতে (১-৩৯৩৭-০০০০-২৬৮১) ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিতে হবে। | ০৬ মাস | দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা<br>মোছাঃ আবিদা সুলতানা,<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা,এনপিও<br>৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবা: ০১৭২২১৪৩৪২৫<br>ইমেইল:mostabedaeco@yahoo.com |
| ২. | উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে APO এর সহায়তায় টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস প্রদান | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এক্সপার্ট কর্তৃক সেবা প্রদান | APO এর নির্ধারিত পূরণকৃত আবেদন ফরম আবেদন ফরম এনপিও অফিস অথবা এনপিও'র ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে হবে | ১। এক্সপার্ট সার্ভিস গ্রহণের জন্য এককালীন ৫০ ডলার ।<br>২। এক্সপার্ট থাকাকালীন সময়ে প্রতিদিনের জন্য ১২ ডলার। এনপিও'র পরিচালকের অনুকূলে ডলারের সমপরিমান মূল্যের টাকা নগদ/চেক আকারে প্রদান করতে হবে । | ০৬ মাস | জনাব মোঃ মনিরুজ্জামান<br>গবেষণা কর্মকর্তা , এনপিও<br>৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবা: ০১৭২৪৫৩৮৩৬১<br>ইমেইল:monirnpo82@gmail.com |
| ৩. | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ফি প্রদান | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অনুকূলে জি.ও জারিকরণ। | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিল / ভাউচার<br>২। মনোনয়নপত্র | বিনা মূল্যে | ০৫ দিন | মোছাঃ আবিদা সুলতানা<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও<br>৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | মোবা: ০১৭২২১৪৩৪২৫ ইমেইল:mostabedaeco@yahoo.com |

২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের শ্রান্তিবিনোদন ছুটি ও ভাতারআবেদন নিষ্পত্তি। | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর ছুটি মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ১। ছুটি প্রাপ্যতার সনদ (সিএও হতে সংগ্রহ করতে হবে)<br>২। আবেদনকারীর আবেদনপত্র | বিনামূল্যে | ০৫( পাঁচ)দিন | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ২. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের শ্রান্তিবিনোদন ছুটি ও ভাতামঞ্জুরি | মঞ্জুরিপত্র জারি | ১। আবেদনকারীর আবেদনপত্র | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ৩. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের পেনশন মঞ্জুরিরআবেদন নিষ্পত্তি। | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর পেনশন মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ১। চাকরির বিবরণী- ০১ কপি<br>২। পিআরএল-এ গমনের মঞ্জুরি পত্র-০১ কপি<br>৩। প্রত্যাশিত শেষ বেতন পত্র/শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- ০১কপি<br>৪। পেনশন ফরম - ০১ কপি<br>৫। সত্যায়িত ছবি ০৪ কপি<br>৬। প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণা পত্র - ০৩কপি<br>৭। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের | বিনা মূল্যে। | ০৫( পাঁচ)কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | ছাপ - ০৩কপি<br>৮। পেনশন মঞ্জুরি আদেশ-০১ কপি<br>৯। পাওনাদিরনা-দাবিসনদ -২ কপি<br>১০। বিভাগীয় মামলা নেই-২ কপি<br>১১। জাতীয়তা সনদ -২ কপি | | | |
| ৪. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের পারিবারিক পেনশন (চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে)মঞ্জুরির আবেদন নিষ্পত্তি | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর পেনশন মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ। | ১। চাকরির বিবরণী- ০১ কপি<br>২। পিআরএল-এ গমনের মঞ্জুরি পত্র-০১কপি<br>৩। প্রত্যাশিত শেষ বেতন পত্র/শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- ০১কপি<br>৪। পারিবারিক পেনশনের আবেদন পত্র ফরম - ০১কপি<br>৫। সত্যায়িত ছবি ০৪ কপি<br>৬। উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট - ০৩কপি<br>৭। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ - ০৩কপি<br>৮। অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করার জন্য ক্ষমতা অর্পণ সনদ -০৩ কপি<br>৯। চিকিৎসক/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র-০১ কপি<br>১০। পেনশন মঞ্জুরি আদেশ-০১কপি | বিনা মূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।<br>মোবা: ০১৭১০১৯৯০২৫<br>ইমেইল: ajabber755@gmail.com |
| ৫. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পেনশন মঞ্জুরি | মঞ্জুরিপত্র জারি | ১। সার্ভিস বুক/চাকরির বিবরণী- ০১ কপি<br>২। পিআরএল-এ গমনের মঞ্জুরি পত্র-০১ কপি<br>৩। প্রত্যাশিত শেষ বেতন পত্র/শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- ০১কপি<br>৪। পেনশন ফরম - ০১ কপি<br>৫। পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০৪ কপি<br>৬। প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণা পত্র - ০৩কপি<br>৭। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ -০৩কপি<br>৮। পেনশন মঞ্জুরি আদেশ-০১কপি<br>৯। যাবতীয় পাওনাদিরনা-দাবিসনদ -২ কপি<br>১০। বিভাগীয় মামলা নেই-২ কপি<br>১১। জাতীয়তাসনদ -২ কপি<br>১২। অঙ্গীকারপত্র – ২ কপি | বিনামূল্যে | ০৫(পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।<br>মোবা: ০১৭১০১৯৯০২৫<br>ইমেইল: ajabber755@gmail.com |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৬. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পারিবারিক পেনশন মঞ্জুরি | মঞ্জুরিপত্র জারি | ১। সার্ভিস বুক/চাকরির বিবরণী- ০১ কপি<br>২। পিআরএল-এ গমনের মঞ্জুরি পত্র-০১কপি<br>৩। প্রত্যাশিত শেষ বেতন পত্র/শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- ০১কপি<br>৪। পারিবারিক পেনশনের আবেদন পত্র ফরম -০১কপি<br>৫। সত্যায়িত ছবি ০৪ কপি<br>৬। উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট - ০৩কপি<br>৭। নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ- ০৩কপি<br>৮।অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক<br>উত্তোলন করার জন্য ক্ষমতা অর্পন সনদ - ০৩ কপি<br>৯।চিকিৎসক/পৌরসভা/ইউনিয়নপরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র-০১ কপি<br>১০। পেনশন মঞ্জুরি আদেশ-০১কপি | বিনামূল্যে | ০৫(পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।<br>মোবা: ০১৭১০১৯৯০২৫<br>ইমেইল: ajabber755@gmail.com |
| ৭. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুর, অফেরতযোগ্য অগ্রিম মঞ্জুর এবং চূড়ান্ত উত্তোলনের জন্য অর্থ মঞ্জুরের আবেদন নিষ্পত্তি | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ১। নির্ধারিত ফরমে দাখিলকৃত আবেদনপত্র<br>২। সিএও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ভবিষ্যত তহবিলের অর্থ জমা স্লিপ | বিনা মূল্যে | ০৩ (দিস) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।<br>মোবা: ০১৭১০১৯৯০২৫<br>ইমেইল: ajabber755@gmail.com |
| ৮. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল হতে অর্থ মঞ্জুর, অফেরতযোগ্য অগ্রিম মঞ্জুর এবং চূড়ান্ত উত্তোলণের জন্য অর্থ মঞ্জুর | মঞ্জুরিপত্র জারি | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. সিএও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক জমাকৃত অর্থের স্লিপ | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।<br>মোবা: ০১৭১০১৯৯০২৫<br>ইমেইল: ajabber755@gmail.com |
| ৯. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের বহি: বাংলাদেশ | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর ছুটি মঞ্জুরের | ১। ছুটি প্রাপ্যতার সনদ (সিএও হতে সংগ্রহ করতে হবে)<br>২। আবেদনকারীর আবেদনপত্র | বিনামূল্যে | ০৫ ( পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ছুটির আবেদন নিষ্পত্তি। | জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | | | | মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১০. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের বহি: বাংলাদেশ ছুটি মঞ্জুরি | মঞ্জুরিপত্র ই-মেইল/ডাক যোগে আবেদনকারীর নিকট প্রেরণ | ১) নির্ধারিত ছকে আবেদনপত্র<br>২) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছুটির প্রাপ্যতা সনদ।<br><br>আবেদনফরম প্রাপ্তিস্থানঃ<br>(১) এনপিও'র ওয়েবসাইট<br>(২) সিএও, শিল্পমন্ত্রণালয় | বিনা মূল্যে | ০৫ ( পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১১. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের স্বেচ্ছায় অবসর গ্রহণ এবং পদত্যাগের আবেদন নিষ্পত্তি | প্রস্তাব প্রাপ্তির পর বিদ্যমান বিধি/বিধান/আইনের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | আবেদনকারীর আবেদনপত্র | বিনামূল্যে | ০৫ ( পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১২. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের স্বেচ্ছায় অবসর গ্রহণ এবং পদত্যাগ | মঞ্জুরিপত্র জারি | আবেদনকারীর আবেদনপত্র | বিনামূল্যে | ০৫( পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১৩. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের পিআরএলও ১৮ মাসের ল্যাম্পগ্রাণ্ট মঞ্জুরের আবেদন নিষ্পত্তি | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর ল্যাম্পগ্রাণ্ট মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ১। আবেদনপত্র<br>২। এসএসসি'র সার্টিফেকেটের সত্যায়িত ফটোকপি<br>৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় থেকে ছুটি প্রাপ্যতার সনদের মূলকপি।<br>৪। চাকুরী বিবরণী | বিনা মূল্যে | ০৫ ( পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১৪. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের পিআরএল ও ১৮ মাসের ল্যাম্পগ্রাণ্ট মঞ্জুর | মঞ্জুরিপত্র জারি | ১। আবেদনপত্র<br>২। এসএসসি'র সার্টিফেকেটের সত্যায়িত ফটোকপি<br>৩। ছুটি প্রাপ্যতার সনদের মূলকপি<br>৪। সার্ভিস বুক | বিনামূল্যে | ০৫ ( পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা:০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১৫. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের অর্জিত ছুটির আবেদন নিষ্পত্তি। | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর ছুটি মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ। | ১। আবেদনপত্র<br>২। ছুটি প্রাপ্যতার সনদ (সিএও হতে সংগ্রহ করতে হবে) | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা:০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১৬. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটি মঞ্জুর। | মঞ্জুরিপত্র জারি | ১. আবেদনপত্র<br>২. ছুটির হিসাব | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা:০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১৭. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের প্রসূতি ছুটির আবেদন নিষ্পত্তি। | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর ছুটি মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ। | ১। আবেদনপত্র<br>২। ডাক্তারের পরামর্শপত্র | বিনামূল্যে | ০৩ (তিন) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১৮. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের প্রসূতি ছুটি মঞ্জুর। | মঞ্জুরিপত্র জারি | ১। আবেদনপত্র<br>২। ডাক্তারের পরামর্শপত্র | বিনামূল্যে | ০৩ (তিন) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ১৯. | ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের অসাধারণ ছুটির আবেদন নিষ্পত্তি। | আবেদনকারীর নিকট হতে আবেদন প্রাপ্তির পর ছুটি মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ। | আবেদনপত্র | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ২০. | ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের অসাধারণ ছুটি | মঞ্জুরিপত্র জারি | আবেদনপত্র | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | মঞ্জুর। | | | | | মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ২১. | সরকারি কর্মচারীর চাকরীরত অবস্থায় মৃত্যুবরণ জনিত কারণে আর্থিক অনুদান সম্পর্কিত প্রস্তাবের আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্র | বিনামূল্যে | ০৫(পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ২২. | সরকারি কর্মচারী চাকরীরত অবস্থায় গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতা জনিত কারণের অনুদান সম্পর্কিত প্রস্তাবের আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. চিকিৎসক কর্তৃক প্রদত্ত অক্ষমতার সনদপত্র | বিনামূল্যে | ০৫(পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |
| ২৩. | সরকারি কর্মচারীর চাকরীরত অবস্থায় মৃত্যুবরণ জনিত কারণে দাফন-কাফন বাবদ অুনদান সম্পর্কিত আবেদন কর্মচারী কল্যাণ বোর্ডে | কর্মচারী কল্যাণ বোর্ডে প্রস্তাব প্রেরণ | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. চিকিৎসকের মৃত্যুর সনদপত্র | বিনামূল্যে | ০৫ (পাঁচ) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার প্রশাসনিক কর্মকর্তা, এনপিও। মোবা: ০১৭১০১৯৯০২৫ ইমেইল: ajabber755@gmail.com |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবংপ্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | প্রেরণ। | | | | | |
| ২৪. | লিয়েন মঞ্জুরের আবেদন নিষ্পত্তি | আবেদন প্রাপ্তির পর লিয়েন মঞ্জুরের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ। | ১. নিয়োগ পত্র<br>২. যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ<br>৩. মুচলেকা | বিনা মূল্যে। | ০৩ (দিস) কর্মদিবস | জনাব মোঃ আব্দুল জব্বার<br>প্রশাসনিক কর্মকর্তা, এনপিও।<br>মোবা: ০১৭১০১৯৯০২৫<br>ইমেইল: ajabber755@gmail.com |

### ৩) অভিযোগপ্রতিকার ব্যবস্থাপনা (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

| ক্র:নং | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | নাম ও পদবি:<br>মোছাঃ আবিদা সুলতানা,<br>ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা,এনপিও<br>৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>মোবা: +৮৮০১৭২২১৪৩৪২৫ইমেইল:mostabedaeco@yahoo.com | ৩০ কার্যদিবস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | আপিল কর্মকর্তা | নাম ও পদবি: জনাব মোহাম্মদ সালাউদ্দিন<br>যুগ্ম সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।<br>ফোন (অফিস): +৮৮০২-২২৩৩৫৫৭১৬<br>ফোন (বাসা): +৮৮০২-৫৮৩১৪১৮৪<br>মোবাইল: +৮৮০১৫৫২৪১০০১৩<br>ইমেইল: jsdr@moind.gov.bd | ২০ কার্যদিবস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | মন্ত্রিপরিষদ বিভাগ | ৬০ কার্যদিবস |

৪) আপনার (সেবাগ্রহীতার) কাছে আমাদের (সেবা প্রদানকারীর) প্রত্যাশা

| ক্র:নং | **প্রতিশ্রুত/কাঙ্ক্ষিতসেবাপ্রাপ্তিরলক্ষ্যেকরণীয়** |
| --- | --- |
| ১. | নির্ধারিত ফরমে যথাযথভাবে সম্পূর্ণ তথ্য সম্বলিত/সংযুক্ত তথ্য সহকারে পূরণকৃত আবেদন জমা প্রদান |
| ২. | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৩. | প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল মেসেজ/ ই মেইলের নির্দেশনা অনুসরন করা |
| ৪. | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |
| ৫. | অনাবশ্যক ফোন /তদবির না করা |

**সেবা ও পণ্যের গুণগত মান নিশ্চিত করুন**
**উৎপাদনশীলতা বৃদ্ধি করুন।**

# দ্বিতীয়-অধ্যায়

## মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা

### উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন ঘোষণা

এনপিও গত ০২ অক্টোবর, ২০১১ তারিখে হোটেল রূপসী বাংলা, ঢাকা **"Multilateral Conference on Productivity Movement in Bangladesh: Strategy for 2021"** শীর্ষক বহুমূখী জাতীয় সম্মেলনের আয়োজন করে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৩ (তিন) টি ঘোষণা প্রদান করেনঃ




এনপিও আয়োজিত **"Multilateral Conference on Productivity Movement in Bangladesh: Strategy for 2021"** শীর্ষক বহুমূখী জাতীয় সম্মেলনে বক্তব্য রাখছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্থানঃ রূপসী বাংলা, হোটেল, ঢাকা।

০১। উৎপাদনশীলতাকে **''জাতীয় আন্দোলন''** হিসেবে গড়ে তোলা ।

০২। প্রতি বছর শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান ও উদ্যোক্তার মাঝে **''ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড''** প্রদান করা এবং

০৩। প্রতি বছর ০২ অক্টোবর কে **'' জাতীয় উৎপাদনশীলতা দিবস''** হিসেবে পালন করা।

উৎপাদনশীলতা উন্নয়নের জন্য এ ঐতিহাসিক ঘোষণা উৎপাদনশীলতা আন্দোলনকে আরো বেগবান ও সমৃদ্ধ করেছে।

## ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড

## ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড - ২০২০ প্রদান

শিল্প খাতে বিশেষ অবদানের জন্য ৮ম বারের মত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড২০২০ এবং ৩য় - বারের মত ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশনঅ্যাওয়ার্ড২০২০ প্রদান করেছে এনপিও-। গত ২৯ মে২০২২ তারিখে হোটেল প্যান প্যাসিফিক , সোনারগাঁও এউৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎপাদিত পণ্যে উৎকর্ষতা সাধনে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ ০৫টি ক্যাটাগরিতে ২৬টি শিল্প প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স **অ্যাওয়ার্ড** এবং ০১টি ট্রেডবডিকে ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন **অ্যাওয়ার্ড** প্রদান করা হয়। শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী

বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের মাননীয় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনএমপি , এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় শিল্প প্রতিমন্ত্রী  জনাব কামাল আহমেদ মজুমদার, এমপি ও এফবিসিআই এর সিনিয়র সহ-সভাপতি জনাব মোস্তফা আজাদ চৌধুরী বাবু।



গত ২৯ মে ২০২২ তারিখে হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও এ অনুষ্ঠিত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২০ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড-২০২০ প্রদান অনুষ্ঠানে অতিথিবৃন্দের সাথে পুরস্কার বিজয়ীরা।

## ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২০ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন ক্রেস্ট-২০২০ পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো হলোঃ

**(ক) বৃহৎ শিল্প ক্যাটাগরি:**

| ক্র.নং | খাত ও উপখাত | শিল্প ও সেবা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|---|
| ০১ | খাদ্য শিল্প | ইন্টারন্যাশনাল বেভারেজস প্রাইভেট লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>ক্রিস্টাল প্যালেস, ১২তলা, প্লট-২২, রোড-১৪০, গুলশান-১, ঢাকা-১২১২ ।<br>কারখানার ঠিকানা:<br>হবিরবাড়ি, ভালুকা, ময়মনসিংহ । | ১ম |
| ০২ | | হবিগঞ্জ এগ্রো লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>১০৫, মধ্য বাড্ডা, প্রগতি সরণী, ঢাকা-১২১২।<br>কারখানার ঠিকানা:<br>হবিগঞ্জ ইন্ডাষ্ট্রিয়াল পার্ক, অলিপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ। | ২য় |
| ০১ | ইস্পাত ও প্রকৌশল | ফেয়ার ইলেকট্রনিক্স লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>৭৬/বি, খাজা প্যালেস (৩য় এবং ৪র্থ তলা), রোড-১১, বনানী, ঢাকা-১২১৩ ।<br>কারখানার ঠিকানা: | ১ম |

| | | | |
|---|---|---|---|
| | | গ্রামঃ কামারগাঁও, পুটিয়াবাড়ী, শিবপুর, নরসিংদী। | |
| ০২ | | শেলটেক (প্রাঃ) লিমিটেড<br>প্রধান কার্যালয় ও কারখানার ঠিকানা:<br>শেলটেক টাওয়ার, ৬০ শেখ রাসেল স্কয়ার,পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ । | ২য় |
| ০৩ | | রানার অটোমোবাইলস লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>১৩৮/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ।<br>কারখানার ঠিকানা:<br>পাড়াগাঁও, ভালুকা, ময়মনসিংহ। | ৩য় |
| ০১ | | এনভয় টেক্সটাইলস্ লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>১৮/ই, লেক সারকাস, কলাবাগান, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ ।<br>কারখানার ঠিকানা:<br>জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহ । | ১ম |
| ০২ | টেক্সটাইল ও আর এম জি | এম. এম ইস্পাহানি লিঃ<br>পাহাড়তলী টেক্সটাইল এন্ড হোসেয়ারী মিলস<br>প্রধান কার্যালয়:<br>ইস্পাহানি বিল্ডিং, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।<br>কারখানার ঠিকানা:<br>ইস্পাহানি কমপ্লেক্স, উত্তর পাহাড়তলী, আকবরশাহ, চট্টগ্রাম। | ২য় |
| ০৩ | | করণী নীট কম্পোজিট লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>সিম্পোনি, বাড়ী নং#এস.ই (এফ)-৯(৫ম তলা), রোড-১৪২, গুলশান-১, ঢাকা-১২১২ ।<br>কারখানার ঠিকানা:<br>রতনপুর, সফিপুর, কালিয়াকৈর, গাজীপুর-১৭৫১ । | ৩য় |
| ০১ | সেবা | নিটল ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড<br>প্রধান কার্যালয় এবং কারখানার ঠিকানা:<br>পুলিশ প্লাজা কনকর্ড টাওয়ার-২ (৭ম তলা), প্লট-২, রোড-১৪৪, গুলশান-১, ঢাকা-১২১২ । | ১ম |
| ০২ | | মীর টেলিকম লিঃ<br>প্রধান কার্যালয়:<br>বাড়ী#৪, সড়ক#২১, গুলশান-১, ঢাকা-১২১২।<br>কারখানার ঠিকানা:<br>রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৭, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ । | ২য় |
| ০৩ | | ডিজিকন টেকনোলজিস লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>২৪২/এ, তেজগাঁও শিল্প এলাকা, গুলশান লিংক রোড, ঢাকা-১২০৯<br>কারখানার ঠিকানা:<br>সফুরা ট্রেড সিটি, ১ নং সুজাত নগর, মিরপুর-১২, পল্লবী,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা-১২১৬।। | ৩য় |
| ০১ | আইটি | সার্ভিস ইঞ্জিন লিঃ<br>প্রধান কার্যালয়:<br>১১১, বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা-১২০৫।<br>কারখানার ঠিকানা:<br>বাড়ী#৮, আব্বাস গার্ডেন, মহাখালী ঢাকা-১২০৬ । | ১ম |

| | | | |
|---|---|---|---|
| ০১ | কেমিক্যাল | প্রিমিয়ার সিমেন্ট মিলস লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>টি,কে, ভবন, (১৩ তলা), ১৩ কাওরান বাজার, ঢাকা-১২১৫।<br>কারখানার ঠিকানা:<br>পশ্চিম মুক্তারপুর, মুন্সীগঞ্জ। | ১ম |
| ০২ | | কোহিনূর কেমিক্যাল কোম্পানী (বাংলাদেশ) লিঃ<br>প্রধান কার্যালয় এবং কারখানার ঠিকানা:<br>৩৬, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ২য় |
| ০৩ | | স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী,বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।<br>কারখানার ঠিকানা:<br>মেরিল রোড, শালগাড়িয়া, পাবনা-৬৬০০ । | ৩য় |

**(খ) মাঝারি শিল্প ক্যাটাগরি:**

| ক্র.নং | খাত ও উপখাত | শিল্প ও সেবা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|---|
| ০১ | ইস্পাত ও প্রকৌশল | সিলভান টেকনোলোজিস লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>১০৫, মধ্য বাড্ডা, ঢাকা-১২১২।<br>কারখানার ঠিকানা:<br>হবিগঞ্জ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, অলিপুর, শাহাজিবাজার, হবিগঞ্জ । | ১ম |
| ০১ | টেক্সটাইল ও আর এম জি | মাসকোটেক্স লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>সাঈদ গ্রান্ড সেন্টার, লেবেল-১৩,১৪ ও ১৫ প্লট-৮৯, রোড-২৮, সেক্টর-৭, উত্তরা, ঢাকা-১২৩০ ।<br>কারখানার ঠিকানা:<br>৩১/৩২, মান্নান ম্যানশন, সাতাইশ রোড, টঙ্গী, গাজীপুর । | ১ম |
| ০২ | | ইনডেক্স এক্সেসরিজ লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>মেরিন প্যালেস, বাড়ি-১০৪৮, রোড-৪৫ (পুরাতন),<br>মিরপুর ডিওএইচএস ।<br>কারখানার ঠিকানা:<br>গৌরিপুর, আশুলিয়া, সাভার, ঢাকা | ২য় |
| ০১ | আইটি | মিলেনিয়াম ইনফর্মেশন সল্যুশন লিঃ<br>প্রধান কার্যালয় এবং কারখানার ঠিকানা:<br>৪৯, কাওরান বাজার, জনতা টাওয়ার, ঢাকা-১২১৫ । | ১ম |
| ০১ | কেমিক্যাল | বি আর বি পলিমার লিমিটেড<br>প্রধান কার্যালয় এবং কারখানার ঠিকানা:<br>বিসিক শিল্প নগরী, কুষ্টিয়া । | ১ম |
| ০২ | | জি এম ই এগ্রো লি:<br>প্রধান কার্যালয়: | ২য় |

| | | | |
|---|---|---|---|
| | | বাড়ী নং-২১, রোড নং-১৩, ব্লক-জি, নিকেতন, গুলশান, ঢাকা।<br>কারখানার ঠিকানা:<br>হোল্ডিং নং-এ-৬৩/২, ছোট চন্দ্রাইল, ধামরাই, ঢাকা। | |

**(গ) ক্ষুদ্র শিল্প ক্যাটাগরি:**

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | আহমেদ ফুড প্রোডাক্টস (প্রাঃ) লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>এম ৪/4, রোড নং-০৭, সেকশন-৭, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬।<br>কারখানার ঠিকানা:<br>গ্রামঃ বড়রাঙ্গামাটিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা। | ১ম |
| ০২ | মেসার্স তোহফা এন্টারপ্রাইজ<br>প্রধান কার্যালয়:<br>দেওয়ান বাড়ী ১৬৬ (১ম তলা), শান্তিনগর, ঢাকা।<br>কারখানার ঠিকানা:<br>১৫/৬৪, পশ্চিম বক্সনগর, সারুলিয়া, ডেমরা, ঢাকা। | ২য় |
| ০৩ | জারমার্টজ লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>পদ্মা লাইফ টাওয়ার,<br>লেভেল-১২, ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।<br>কারখানার ঠিকানা:<br>মীরের বাজার রোড, পূবাইল, গাজীপুর, ঢাকা। | ৩য় |

**(ঘ) মাইক্রো শিল্প ক্যাটাগরি:**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | সুপার ষ্টার ইলেক্ট্রনিক্স লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>ইউসেপ চেইনী টাওয়ার, ২৫ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০।<br>কারখানার ঠিকানা:<br>গোদনাইল, ভূইয়াঁপাড়া, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ | ১ম |

**(ঙ) রাষ্ট্রায়ত্ত শিল্প ক্যাটাগরি:**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | ইস্টার্ন টিউবস লিমিটেড<br>প্রধান কার্যালয়:<br>বিএসইসি ভবন, ১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।<br>কারখানার ঠিকানা:<br>৩৭৪,তেজগাওঁ শিল্প এলাকা, ঢাকা- ১২০৮। | ১ম |

**(চ) ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড**

| ক্র নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | স্থান |
|---|---|---|
| ০১ | ঢাকা উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ লিঃ<br>প্রধান কার্যালয়: | ১ম |

| | জাতীয় স্কাউট ভবন (১০ম তলা), ৭০/১ পুরানা পল্টন লাইন, কাকরাইল, ঢাকা । | |
|---|---|---|

**প্রবর্তনের বছর থেকে বিবেচনাধীন বছর পর্যন্ত ( ২০১২-২০২০ ) খাতভিত্তিক মোট পুরস্কার:**

| সাল | ক্যাটাগরি-এ: বৃহৎ শিল্প | ক্যাটাগরি-বি: মাঝারি শিল্প | ক্যাটাগরি-সি: ক্ষুদ্র শিল্প | ক্যাটাগরি-ডি: মাইক্রো শিল্প | ক্যাটাগরি-ই: কুটির শিল্প | ক্যাটাগরি-এফ: রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান ,কর্পোরেশন/ সরকার নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান সমূহ | ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১২ | ১ | ১ | ৩ | ১ | ১ | ৩ | - | ১০ |
| ২০১৩ | ৩ | ৩ | ৩ | ২ | ৩ | ৩ | - | ১৭ |
| ২০১৪ | মনোনয়ন দেয়া হয়নি | | | | | | | |
| ২০১৫ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | - | ১৮ |
| ২০১৬ | ৩ | ৩ | ২ | ১ | – | ৩ | - | ১২ |
| ২০১৭ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ৩ | - | ১৬ |
| ২০১৮ | ১৫ | ৩ | ৩ | ২ | ২ | ৩ | ৩ | ৩১ |
| ২০১৯ | ১৬ | ৮ | ২ | ২ | - | ৩ | ২ | ৩৩ |
| ২০২০ | ১৫ | ৬ | ৩ | ১ | | ১ | ১ | ২৭ |
| **সর্বমোট** | **৫৯** | **৩০** | **২২** | **১৪** | **১১** | **২২** | **৬** | **১৬৪** |






# জাতীয় উৎপাদনশীলতা দিবস - ২০২১

অন্যান্য বছরের ন্যায় গত ০২ অক্টোবর, ২০২১ তারিখে সারা দেশব্যাপী নানা আয়োজনের মধ্য দিয়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ পালন করা হয়। জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়াতে এই দিবসটি উদযাপন করা হয়। এ বছর দিবসের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' ( Productivity for Irresistible Advancement ) '। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী পৃথক পৃথক বাণী দিয়েছেন। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দিবসটি কেন্দ্রীয়ভাবে উদযাপন উপলক্ষ্যে বিস্তারিত কর্মসূচি পালন করে।

কর্মসূচির অংশ হিসেবে ঐদিন সকাল ১০.০০ টায় ভার্চুয়াল মাধ্যমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) আয়োজিত এ আলোচনা সভায় শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম.পি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উপলক্ষে ভার্চুয়ালি আয়োজিত 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক আলোচনা সভায় বক্তৃতা করেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন

শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় ভার্চুয়ালি সংযুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেন, সরকার কৃষি খাতসহ অর্থনীতির সব ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করার ক্ষেত্রে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এছাড়াও উৎপাদনশীলতায় একটি খাতের ওপর নির্ভরশীল না হয়ে সামগ্রিক অগ্রগতির দিকে বিশেষ নজর দেওয়া উচিত। মন্ত্রী বলেন, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি শুধু একটি নির্দিষ্ট খাতের অবদানের ওপর নির্ভরশীল নয়। এর জন্য প্রয়োজন জাতীয় অর্থনীতির সব খাতের সামগ্রিক অগ্রগতি ও অবদান। উৎপাদনশীলতার সুফল শুধু উৎপাদনকারী এককভাবে ভোগ করে না। তার সুফল সরকার, মালিক, শ্রমিক ও ভোক্তাসহ সমাজের সবাই সমানভাবে ভোগ করে। তিনি বলেন, উৎপাদনশীলতার সুফল ভোগ করতে সমাজের সবার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং অঙ্গীকার একান্ত প্রয়োজন। আর এই সামগ্রিক অঙ্গীকার ও অংশগ্রহণ নিশ্চিত করার একমাত্র পথ হচ্ছে উৎপাদনশীলতা উন্নয়ন কর্মসূচিকে জাতীয় আন্দোলনে রূপান্তরিত করা। উৎপাদনশীলতার স্তরে বাংলাদেশ কিছুটা পিছিয়ে থাকা প্রসঙ্গে মন্ত্রী বলেন, এ অবস্থা থেকে আমাদের দ্রুত উত্তরণ করতে হলে দেশের কৃষি, শিল্পকারখানা, সেবাদানকারী প্রতিষ্ঠান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ব্যবসা বাণিজ্য, অফিস-আদালত, শিক্ষাপ্রতিষ্ঠান, চিকিৎসা কেন্দ্র,

হাসপাতাল প্রভৃতি জাতীয় অর্থনীতির সব কর্মকান্ডের পদ্ধতিগত ও ধারাবাহিকভাবে উৎপাদনশীলতা বৃদ্ধির কর্মসূচিকে আরও জোরদার করতে হবে। সবাইকে উৎপাদনশীলতার সুফল সম্পর্কে সচেতন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির আন্দোলনে শামিল করতে হবে।

শিল্প সচিব জাকিয়া সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত ছিলেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার। অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. গোলাম ইয়াহিয়া, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) নবনিযুক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম বক্তব্য রাখেন। অনুষ্ঠানে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) পরিচালক এবং শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) মো. ফয়জুর রহমান ফারুকী স্বাগত বক্তব্য দেন। এতে শিল্প মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ২১টি দেশের এনপিও সংস্থার কর্মকর্তারা ফেসবুকের মাধ্যমে সংযুক্ত ছিলেন।





জাতীয় উৎপাদনশীলতা দিবসে সেমি-ভার্চুয়াল আলোচনা সভায় ভার্চুয়াললি যোগ দেন জনাব কামাল আহমেদ মজুমদার, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় এবং সচিব জনাব জাকিয়া সুলতানা মহোদয় সহ অন্যান্য অতিথিবৃন্দ।



জাতীয় উৎপাদনশীলতা দিবসে এনপিও'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

## জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ এর স্যুভেনির এর মোড়ক উন্মোচন







জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ এর স্যুভেনির এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা এবং এনপিও'র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম।

## 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক আলোচনা সভা

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উপলক্ষ্যে ঐদিন বিকেলে এনপিও'স সম্মেলন কক্ষে 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. এ টি এম আতিকুর রহমান। আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন এনপিও'র সাবেক পরিচালক জনাব ফয়জুর রহমান ফারুকী, এবং নবনিযুক্ত মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম সহ এনপিও'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক আলোচনা সভায় উপস্থিত প্রধান বক্তা ড. এ টি এম আতিকুর রহমান, এনপিও'র সাবেক পরিচালক জনাব ফয়জুর রহমান ফারুকী, এবং নবনিযুক্ত মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম সহ এনপিও'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

## মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী

উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী পৃথক পৃথক বাণী দিয়েছেন। মহামান্য রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, "স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে সরকার মার্চ ২০২০ থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়কে 'মুজিববর্ষ' ঘোষণা করেছে। এ প্রেক্ষাপটে উৎপাদানশীলতা দিবসের এবারের প্রতিপাদ্য 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি" ।

তিনি আরও বলেন, "টেকসই উন্নয়ন ও প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতার কোন বিকল্প নেই । উৎপাদনশীলতার সাথে জড়িত রয়েছে মানুষের দৈনন্দিন জীবনযাত্রার মান, অর্থনৈতিক কর্মকান্ডে নৈপুণ্য এবং প্রাতিষ্ঠানিক কার্যাবলীর গুণগত মান । এজন্য কৃষি, শিল্প ও সেবাসহ প্রতিটি সেক্টরে উৎপাদনশীলতা বৃদ্ধি করা আবশ্যক। এ লক্ষ্যে দেশের সকল সরকারি-বেসরকারি শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে। আমি আশা করি জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপনের মাধ্যমে জনগণের নিকট উৎপাদনশীলতার গুরুত্ব যথাযথভাবে তুলে ধরা সম্ভব হবে" ।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এজন্য উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে গড়ে তুলতে প্রতিবছর ২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করা হচ্ছে এবং শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠানকে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এওয়ার্ড" প্রদান করা হচ্ছে । এছাড়াও এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)- এর সহযোগিতায় 'Bangladesh National Productivity Master Plan-2021-2030' প্রণয়ন করা হচ্ছে । এই পরিকল্পনা বাস্তবায়িত হলে উৎপাদনশীলতার প্রবৃদ্ধি ৩.৮ শতাংশ থেকে ৫.৬ শতাংশে উন্নীত হবে যা অর্থনৈতিক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি । করোনাভাইরাস সংক্রমণের কারণে বর্তমান বিশ্ব অর্থনীতি বিপর্যস্ত । এই পরিস্থিতিতে আমাদের বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে হলে উৎপাদনশীলতা বৃদ্ধি ছাড়া অন্য কোন বিকল্প নেই। আমরা ভিশন-২০২১ অর্জনের দ্বারপ্রান্তে । এছাড়া সরকার ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণ করতে বদ্ধপরিকর । অধিকন্ত ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্যমাত্রা গ্রহণ করেছি। এসব লক্ষ্যমাত্রা অর্জন করতে সকল সেক্টরে উৎপাদনশীলতা বৃদ্ধি করা অপরিহার্য"।

শিল্পমন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এম.পি তাঁর বাণীতে বলেন, এ বছরের প্রতিপাদ্য বিষয় 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' যথার্থ হয়েছে বলে আমি মনে করি । শিল্পনীতির উপর ভিত্তি করে বঙ্গবন্ধু দেশকে অন্তর্ভূক্তিমূলক উন্নয়নের পথে নিয়ে গিয়েছিলেন । অনেক ত্যাগের পরে আমরা আবার তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে সেই পথে ফিরে আসছি ।

শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার তাঁর বক্তব্যে বলেন, পৃথিবীর বিভিন্ন দেশে নতুন রপ্তানি বাজার সৃষ্টি করতে উৎপাদনশীলতা বাড়ানোর বিকল্প নেই। রপ্তানি আয় বৃদ্ধির জন্য পোশাক শিল্পের পাশাপাশি অন্যান্য সম্ভাবনাময় খাতের প্রতি মনোযোগ বৃদ্ধি করা প্রয়োজন ।

তিনি আরও বলেন, উন্নত দেশগুলোর মতো বাংলাদেশেও উৎপাদনশীলতার সংস্কৃতি চর্চা জোরদার করতে হবে । করোনা পরিস্থিতি থেকে উত্তরণ ঘটিয়ে দেশের অর্থনৈতিক কার্যক্রম কে শক্তিশালী করতে চলতি ২০২০-২১ অর্থবছরে ৮ দশমিক ২ শতাংশ প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এ লক্ষ্য অর্জনে শিল্প খাতকে প্রয়োজনীয় সব ধরনের সহায়তা প্রদান অব্যাহত রাখার জন্য শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর-সংস্থার সবাইকে নির্দেশনা দেন তিনি । প্রতিমন্ত্রী উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানার পরিবেশ সুরক্ষার পাশাপাশি শ্রমিককের নিরাপত্তা, কর্মপরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য ঝুঁকি মোকাবিলা, অপচয়রোধ ও কাঁচামালের যথাযথ ব্যবহারের মাধ্যমে জ্ঞানভিত্তিক শিল্পায়নের অভিযাত্রা জোরদার করার জন্য মালিক-শ্রমিকসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহবান জানান ।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম বলেন, বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বের হয়ে উন্নয়নশীল দেশের কাতারে উন্নীত হয়েছে। উৎপাদনশীলতা বৃদ্ধির ফলেই এটি সম্ভব হয়েছে। তিনি আরো বলেন, দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের উদ্যোগে ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্লান ২০২১-২০৩০ প্রণয়ন করা হয়েছে ।

সভাপতির বক্তৃতায় শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা বলেন, সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হলে উৎপাদনশীলতা বৃদ্ধির কোন বিকল্প নেই । তিনি বলেন, উন্নত দেশ সমূহ কোন কৌশল ও কার্যপদ্ধতি কাজে লাগিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি করেছে সেটি আমাদের আয়ত্ত করতে হবে এবং সেগুলোকে দেশে প্রয়োগ করতে হবে। অনুষ্ঠানে জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকার মোড়ক উন্মোচন করা হয়।

অনুষ্ঠানে বক্তারা আরও বলেন, উৎপাদনশীলতার বিচারে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় দেশগুলোর মধ্যে বাংলাদেশ তুলনামূলক ভাবে এখনও পিছিয়ে রয়েছে । উৎপাদনশীলতার উন্নয়নে মাস্টার প্ল্যান বাস্তবায়নের মাধ্যমে আগামী চার বছরের মধ্যেই জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা দ্বিগুণ করা সম্ভব । তারা খাতভিত্তিক উৎপাদনশীলতা বাড়াতে জাপানের টিকিউএম, কাইজেন, সিক্স সিগমা, ফাইভ এস ইত্যাদি কার্যকর কৌশল অনুসরণের পরামর্শ দেন । এর মাধ্যমে দ্রুত উৎপাদনশীলতা বাড়িয়ে বাংলাদেশ শিল্পায়নে কাঙ্খিত গন্তব্যে পৌঁছে যাবে বলে তারা আশা প্রকাশ করেন ।

দিবসটি উপলক্ষ্যে বিভিন্ন মোবাইল অপারেটরদের মাধ্যমে আপামর জনগণের নিকট জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ এর শুভেচ্ছা বার্তা সম্বলিত ভয়েস কল ও এসএমএস প্রেরণ  করা হয়েছে। দিবসটির তাৎপর্য তুলে ধরে  দৈনিক বাংলাদেশের খবর, দৈনিক ভোরের কাগজ, দৈনিক জনকন্ঠ, দৈনিক যুগান্তর, প্রতিদিনের সংবাদ, আমাদের নতুন সময়, দৈনিক বর্তমান কথা ও The Asian Age পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয় । একই সাথে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সম্বলিত একটি স্মরণিকাও প্রকাশ করা হয় । এছাড়াও শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার, এমপি, শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা এবং এনপিও'র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম এর সমন্বয়ে অনুষ্ঠিত টকশো ঐ দিন বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড হতে সরাসরি সম্প্রচার করা হয়।

## দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযাপনের কিছু খন্ডচিত্র

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে দেশব্যাপী বর্ণাঢ্যভাবে পালন করা হয়েছে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১। এ বছর দিবসটি বিভিন্ন জেলা ও উপজেলায় পালন করা হয়। এ উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বিসিক, বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, স্থানীয় জনপ্রতিনিধি এবং ব্যবসায়ীদের সমন্বয়ে আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়। দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযাপনের কিছু চিত্র নিচে তুলে ধরা হল:

## ঢাকা বিভাগ এর আওতাধীন বিভিন্ন জেলায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযাপন

### গাজীপুর জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযপন উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে সংযুক্ত করে গাজীপুর জেলার জেলা ও উপজেলা পরিষদে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দ আলোচনা করেন এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে অর্থনীতির সকল সেক্টরে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেন।







*গাজীপুর জেলায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযাপন*

## নরসিংদী জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন



*নরসিংদী জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সভার একাংশ*

গত ০২ অক্টোবর ২০২১ তারিখে নরসিংদী জেলায়  জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ পালন করা হয় । এ উপলক্ষ্যে জেলা প্রশাসকের তত্ত্বাবধানে একটি র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয় ।

## ফরিদপুর জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন

ফরিদপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ও জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর সহযোগীতায় এবং জেলা প্রশাসকের উদ্যোগে গত ০২ অক্টোবর জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযাপন করা হয় । উক্ত দিবস উপলক্ষ্যে ফরিদপুর এর সম্মেলন কক্ষে এক প্রাণবন্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।



*ফরিদপুর জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সভার একাংশ*

## রাজবাড়ী জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন

রাজবাড়ী জেলায় গত ০২ অক্টোবর ২০২১ তারিখে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ পালন করা হয় । ঐদিন জেলা প্রশাসন, রাজবাড়ী এর জেলা প্রশাসকের কার্যালয়ের আম্রকানন চত্তরে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।






*রাজবাড়ী জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সভার একাংশ*

## রাজশাহী বিভাগ এর আওতাধীন বিভিন্ন জেলায় জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উদযাপন

### রাজশাহী জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন

জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে ০২ অক্টোবর ২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী সম্মেলন কক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ শরিফুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জাফর বায়েজীদ ডিজিএম, বিসিক জেলা কার্যালয়, রাজশাহী। এ বছর দিবসটির প্রতিপাদ্য বিষয় "অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা" (Productivity for Irresistible Advancement)




*উৎপাদনশীলতা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়*

সভার শুরুতে বিসিক, রাজশাহীর উপ-মহাব্যবস্থাপক জনাব জাফর বায়েজীদ জাতীয় উৎপাদনশীলতা দিবস সম্পর্কে তথ্যচিত্রের মাধ্যমে এর তাৎপর্য বিস্তারিতভাবে তুলে ধরেন।

পরবর্তীতে অংশগ্রহণকারীগণের মধ্যে 'কিষাণী' এর জনাব আফসানা আশা 'কণিকা সুজ ফ্যাক্টরি' এর জনাব সোহেল রানা, 'রং রেজিনী বাটিক অ্যান্ড ফ্যাশন হাউজ' এর জনাব আফরোজা আজিজ মুন্নি, 'এজি প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ এর প্রো: মোঃ আব্দুল গনি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সপুরা, রাজশাহী" এর উপ-মহাপরিদর্শক জনাব মাহফুজুর রহমান ভূঁইয়া প্রমুখ বক্তব্য পেশ করেন।

বক্তারা সুলভ মূল্যে খাঁটি পণ্য, কাঁচামাল ও যন্ত্রপাতির দক্ষ ব্যবহার, কর্মস্থলে সুস্থ ও নিরাপদ পরিবেশ বজায় রাখা, প্রযুক্তিতে দক্ষ সচেতন শ্রমিক গড়ার ক্ষেত্রে পর্যাপ্ত প্রশিক্ষণ, বাজার মূল্যায়ন এবং প্রতিযোগিতা সুগম করা, আন্তর্জাতিক বাজারে উন্নতমানের পণ্য রপ্তানি, ক্রেতার মানসিকতার পরিবর্তনসহ নিজ নিজ প্রতিষ্ঠানের ইতিহাস এবং অগ্রযাত্রা তুলে ধরেন।

'রাজশাহী চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাষ্টি, রাজশাহী" এর পরিচালক জনাব মোঃ সাদরুল ইসলাম শিল্প প্রতিষ্ঠানে জাপানি KAIZEN পদ্ধতি চর্চা ও প্রয়োগ, শিল্পোন্নয়নে বিসিকের ভূমিকা, উন্নত দেশ গড়ার ক্ষেত্রে অপ্রতিরোধ্যভাবে এগিয়ে যাওয়ায় ক্ষেত্রে গুরুত্বারোপ করেন এবং চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাষ্ট্রি এর পক্ষ থেকে উৎপাদনশীলতা নিশ্চিত করতে সহযোগিতার আশ্বাস দেন।

বিসিক শিল্প মালিক সমিতি ও বাংলাদেশ রেশম শিল্প মালিক সমিতির সভাপতি জনাব মোঃ লিয়াকত আলী আন্তর্জাতিক বাজারে প্রবেশের উপর জোর দেন এবং দেশের সার্বিক উন্নয়নে সকল ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধি জরুরী বলে উল্লেখ করেন।

ওয়েব রাজশাহী জেলার সভাপতি জনাব আঞ্জুমান আরা লিপি উৎপাদনশীলতা বৃদ্ধির ক্ষেত্রে দেশে ও বিদেশে প্রশিক্ষণের উপর তাগিদ প্রদান করেন। তিনি নতুন শিল্প প্রতিষ্ঠানের স্থায়িত্ব, কর্মী ঝরে পড়া রোধ, মানসম্পন্ন পণ্য দেশের বাহিরে রপ্তানীসহ সকল কাজে সকলকে এগিয়ে আসতে বলেন।

প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় তাঁর বক্তব্যের শুরুতেই সকলের প্রতি ধন্যবাদ ও কৃজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, শুধু শিল্প নয়, কৃষি ও শিক্ষাসহ অন্যান্য অনেক ক্ষেত্রেই উৎপাদনশীলতার বৃদ্ধি করা যেতে পারে। আধুনিক প্রযুক্তিতে ধারণাসম্পন্ন দক্ষ জনশক্তি, TOM পদ্ধতি প্রয়োগ, দলগত কাজ, শ্রমিক-মালিক সম্পর্ক উন্নতকরণে গুরুত্ব আরোপ করেন।

বর্তমান সরকার সোনার বাংলা গড়ার লক্ষ্যে সকল ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধিতে জোর দিয়েছেন। চতুর্থ শিল্পবিপ্লবের সাথে তাল মিলিয়ে শিল্পক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তাকে উৎপাদনশীলতা বৃদ্ধির ক্ষেত্রে ব্যবহারের গুরুত্ব অপরিসীম বলে তিনি মন্তব্য করেন। সর্বোপরি রাজশাহী জেলায় উৎপাদনশীলতা বৃদ্ধিতে জেলা প্রশাসন সবসময় ইতিবাচক ও সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

এছাড়াও উক্ত আলোচনা অনুষ্ঠানে নতুন সম্ভাবনাময় ও প্রতিষ্ঠিত শিল্প উদ্যোক্তাগণসহ উইমেন চেম্বার অব কমার্স এর প্রতিনিধিবৃন্দ, জেলা প্রশাসন ও বিসিক, রাজশাহীর কর্মকর্তা-কর্মচারীগণ এবং প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

## সিরাজগঞ্জ জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন






*সিরাজগঞ্জ জেলায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১" উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সভার একাংশ*

সিরাজগঞ্জ জেলায় ২৩ আগস্ট ২০২১ খ্রি. তারিখে সকাল ১০.০০ ঘটিকায় জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এ একটি প্রস্তুতিমূলক সভা করা হয়। এ বছরে দিবসটির প্রতিপাদ্য বিষয়; "অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা"।

০২ অক্টোবর ২০২১ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় শিল্প কল-কারখানা ও ব্যবসা সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও শ্রমিকবৃন্দ, প্রেসিডেন্ট, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্টি সিরাজগঞ্জ, সকল ব্যবসায়ী সংগঠন, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং কর্মকর্তা-কর্মচারীগণকে নিয়ে ব্যানার সহযোগে জেলা প্রশাসকের কার্যালয় সিরাজগঞ্জ এ শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষে উপস্থিত ব্যক্তিবর্গের সমন্বয়ে স্বাস্থ্য বিধি মেনে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। সভাপতির নির্দেশে সভার প্রারম্ভে জনাব মোঃ সাজিদুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, বিসিক, সিরাজগঞ্জ উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য উৎপাদনশীলতার সংজ্ঞা, উদাহরণ, বাস্তবিক ধারনা সহ পৃথিবীর বিভিন্ন দেশের উৎপাদনশীলতার সার্বিক চিত্র তুলে ধরে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের বক্তব্যে বলেন যে, কর্ম দক্ষতা বাড়িয়েই বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পৌঁছতে সক্ষম হয়েছে। পুরুষ ও নারী মিলে দেশের সমগ্র জনসংখ্যাকে জন সম্পদে পরিণত করে উৎপাদনের সকল ক্ষেত্রে দক্ষতা বাড়িয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়ন করা এ দিবসের মূল লক্ষ্য মর্মে সবাই মতামত ব্যক্ত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের সম্মানিত প্রধান অতিথি জনাব তামান্না নুসরাত বুবলী, মাননীয় সংসদ সদস্য, মহিলা আসন-২৪, নরসিংদী বলেন দেশ ও জাতির উন্নয়নে উৎপাদনশীলতা উন্নয়নের কোন বিকল্প নেই। বিশ্ব বাজারে টিকে থাকতে হলে উৎপাদনশীলতা ও পণ্যের গুনগত মান বৃদ্ধি করা আবশ্যক। এতে দেশ, জাতি, মালিক, শ্রমিক, সকলেই উপকৃত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথি জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, প্রকল্প পরিচালক ও ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও, শিল্প মন্ত্রণালয় তাঁর বক্তব্যে উক্ত প্রকল্পের বিভিন্ন কার্যক্রম ও এনপিও'র কর্মকান্ড সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন উৎপাদনশীলতা উন্নয়নের নানা টুলস ও টেকনিকের সমন্বয়ে উক্ত ৫(পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণের কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। তিনি সকলকে উক্ত প্রশিক্ষণ কর্মসূচি সফল করার আহবান জানান। তিনি এনপিও'র বিভিন্ন সেবার বিষয়ে প্রশিক্ষণ, কর্মশালা, কাইজেন কর্মসূচি, জাপানীজ 5S কার্যক্রম বাস্তবায়ন, সচেতনতা প্রচারাভিযান, বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্যের ভিত্তিতে গবেষণা প্রতিবেদন প্রস্তুত, উৎপাদনশীলতা কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিভিন্ন কমিটির কার্যক্রমেরও বর্ণনা করেন।

সভাপতির বক্তব্যে নাসিব, নরসিংদী জেলা শাখার সভাপতি এ ধরনের প্রশিক্ষণ নরসিংদীতে আয়োজনের জন্য এনপিও এবং নাসিব কে ধন্যবাদ জানান।




সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি

সমাপনী অনুষ্ঠানে সম্মানিত প্রধান অতিথি জনাব মির্জা নুরুল গণি শোভন, সিআইপি, সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) বলেন দেশ ও জাতির উন্নয়নে উৎপাদনশীলতা উন্নয়নের কোন বিকল্প নেই। বিশ্ব বাজারে টিকে থাকতে হলে উৎপাদনশীলতা ও পণ্যের গুনগত মান বৃদ্ধি করা আবশ্যক। এতে দেশ, মালিক, শ্রমিক, সকলেই উপকৃত হবে। তিনি তার সমাপনী বক্তব্যে বলেন উৎপাদনশীলতা উন্নয়নের বিভিন্ন কলা-কৌশল সঠিকভাবে অনুশীলন ছাড়া উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব নয়। আলোচ্য প্রশিক্ষণ থেকে প্রশিক্ষণার্থীরা এ সকল কলা-কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারণা ও জ্ঞান লাভ করতে সক্ষম হয়েছে যা তাদেরকে নিজ নিজ কর্মক্ষেত্রে আরো দক্ষ ও কার্যকরী করে তুলতে বিশেষ সহায়ক ভূমিকা পালন করবে। বিশেষ অতিথি জনাব ড. মশিউর রহমান মৃধা, অধ্যক্ষ, ইনডিপেনডেন্ট কলেজ, নরসিংদী তার বক্তব্যে নারীদেরকে আরো বেশি এগিয়ে আসার আহবান জানান। পরিশেষে সভার সভাপতি জনাব মোঃ রুস্তম আলী, সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব), বাংলাদেশ নরসিংদী সকল প্রশিক্ষণার্থীকে মনোযোগ ও আন্তরিকতার সাথে প্রশিক্ষণটি শেষ করায় আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান। তিনি এনপিও হতে আগত সকল প্রশিক্ষকদের ধন্যবাদ জানিয়ে প্রশিক্ষণ কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।

## উৎপাদনশীলতা উন্নয়নে এনপিওর প্রশিক্ষণের খন্ড চিত্র




ফুলকলি ফুড প্রোডাক্টস লিঃ, সিলেট এ উৎপাদনশীলতা উন্নয়নে কাইজেন দর্শন ও ব্যবহারিক প্রয়োগ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ মেসবাহুল আলম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), এনপিও, শিল্প মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফুলকলি ফুড প্রোডাক্টস লিঃ, সিলেট এর উপ-মহাব্যস্থাপক জনাব মোহাম্মদ জসিম উদ্দিন খন্দকার। উক্ত প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়কারী হিসেবে ছিলেন জনাব মোঃ রাজু আহম্মেদ, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি), এনপিও এবং প্রশিক্ষক হিসেবে ছিলেন এনপিও'র গবেষণা কর্মকর্তা মিজ্ সুরাইয়া সাবরিনা।



জেম জুট মিলস্ লিঃ, মুসলিমবাগ, ময়দানদীঘি, বোদা, পঞ্চগড় এ সম্পদের দক্ষ ও কার্যকরী ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে পাটকলের উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান বৃদ্ধি শীর্ষক দুই দিনের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে ছিলেন জেম জুট মিলস্ লিঃ এর সিও জনাব লেঃ কর্ণেল মোঃ আব্দুল মোনায়েম (অবঃ)। উক্ত প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষক হিসেবে ছিলেন জনাব মোঃ আকিবুল হক, গবেষণা কর্মকর্তা এনপিও এবং জনাব মোঃ রিপন মিয়া, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও।




বেঙ্গাল প্লাস্টিক লিঃ, জিরাবো, সাভার, ঢাকা এ লীন ম্যানেজমেন্ট বিষয়ক ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব হাসান তাইয়্যাব ঈমাম, গ্রুপ হেড- (আইচআর), বেঙ্গাল প্লাস্টিক লিঃ, জিরাবো, সাভার, ঢাকা। উক্ত প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষক হিসেবে ছিলেন জনাব মোঃ রাজু আহম্মেদ, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা(সিসি), এনপিও শিল্প মন্ত্রণালয় এবং মিজ্ সুরাইয়া সাবরিনা, গবেষণা কর্মকর্তা(সিসি), এনপিও শিল্প মন্ত্রণালয়।




গত ০৫-০৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিঃ, তারাকান্দি, সরিষাবাড়ি, জামালপুর এ প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন শীর্ষক ০৩ (তিন) দিনের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ  শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি, ঢাকা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব প্রকৌশলী সুদীপ মজুমদার। উক্ত প্রশিক্ষণের কোর্সের কোর্স সমন্বয়কারী হিসেবে ছিলেন জনাব মোঃ ফরিদ উদ্দিন, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও, শিল্প মন্ত্রণালয়।




গত ০৬-০৭ অক্টোম্বর, ২০২১ কাপাসিয়া, গাজীপুর এ উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়কারী হিসেবে ছিলেন মোছাম্মৎ ফাতেমা বেগম উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও, শিল্প মন্ত্রণালয়। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব রিপন সাহা, গবেষণা কর্মকর্তা, এনপিও, শিল্প মন্ত্রণালয়।




গত ৫-৬ ডিসেম্বর, ২০২১ তারিখ ক্রসলাইন ওভেন এ্যাপারেলস লিমিটেড, শরীফপুর, গাজীপুর উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কোর্সের কোর্স সমন্বয়কারী হিসেবে ছিলেন মোছাঃ আবিদা সুলতানা, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও, শিল্প মন্ত্রণালয়। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব রিপন সাহা, গবেষণা কর্মকর্তা, এনপিও, শিল্প মন্ত্রণালয় এবং জনাব ফিরোজ আহমেদ, পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, এনপিও, শিল্প মন্ত্রণালয়।

উৎপাদনশীলতা বৃদ্ধি করি, স্বনির্ভর দেশ গড়ি।





জাহেদ মেটাল ইন্ডাস্ট্রি বগুড়াতে উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল শীর্ষক প্রশিক্ষণ পরিচালনা করা হয়। প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন এনপিও'র ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মোছাঃআবিদা সুলতানা এবং গবেষণা কর্মকর্তা জনাব মোঃমনিরুজ্জামান।



প্যারাগন পাম্প, নওগাঁতে "প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ পরিচালনা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মোছাম্মৎ ফাতেমা বেগম ও গবেষণা কর্মকর্তা জনাব রিপন সাহা ।














ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং জিপিএইচ ইস্পাত লিমিটেড, চট্টগ্রাম এর যৌথ উদ্যোগে "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মিজ আবিদা সুলতানা এবং গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান।

## সেমিনার / আলোচনাসভা / কর্মশালা

### জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উপলক্ষে আয়োজিত 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক সেমিনার









'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক সেমিনার এ উপস্থিত প্রধান বক্তা ড. এ টি এম আতিকুর রহমান, এনপিও'র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম (অতিরিক্ত সচিব) ,এনপিও'র পরিচালক (অতিঃ দাঃ) এবং যুগ্ম সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় জনাব ফয়জুর রহমান ফারুকীসহ এনপিও'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২১ উপলক্ষে ০২ অক্টোবর, ২০২১ তারিখ বিকেলে এনপিও'র সম্মেলন কক্ষে 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় উৎপাদনশীলতা' শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। উক্ত সেমিনার এ প্রধান বক্তা হিসেবে বক্তব্য উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. এ টি এম আতিকুর রহমান। সেমিনারে আরো উপস্থিত ছিলেন এনপিও'র মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম (অতিরিক্ত সচিব), এনপিও'র পরিচালক (অতিঃ দাঃ) ও যুগ্ম সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী, সহ এনপিও'র অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

**সেবা ও পণ্যের গুণগত মান নিশ্চিত করুন**
**উৎপাদনশীলতা বৃদ্ধি করুন।**

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে এনপিও কর্তৃক বিভিন্ন কর্মসূচি পালন

১৮ অক্টোবর ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিনে শিল্প মন্ত্রণালয়ে স্থাপিত তাঁর প্রতিকৃতিতে শিল্প মন্ত্রণালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করেন মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি ও সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও'র) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক প্রদান করেন। পরে এনপিও কার্যালয়ে কেক কাটা, আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়।





১৮ অক্টোবর ২০২১ খ্রিঃ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে শিল্প মন্ত্রণালয়ে স্থাপিত তাঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।




এনপিও কার্যালয়ে কর্মকর্তা কর্মচারী সবাইকে নিয়ে শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষে কেক কাটছেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম।

# চতুর্থ শিল্প-বিপ্লব উপযোগী প্রযুক্তি-নির্ভর দক্ষ জনবল তৈরির লক্ষ্যে চলমান কারিকুলাম পরিমার্জন বিষয়ক কর্মশালা

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি শক্তিশালী মধ্যম আয়ের রাষ্ট্র, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন ও ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রের মর্যাদা লাভের জন্য দক্ষ যুবশক্তির কোন বিকল্প নেই। বিভিন্ন সেক্টরে চতুর্থ শিল্প বিপ্লব উপযোগী দক্ষতা উন্নয়ন এর মধ্যে অন্যতম। চতুর্থ শিল্প-বিপ্লবের প্রভাব বাংলাদেশের শ্রমবাজারে পড়তে শুরু করেছে। দেশের শ্রমবাজারে তৈরি হচ্ছে নতুন নতুন পেশায় চাকুরির সুযোগ একই ভাবে বিলুপ্তি হচ্ছে সনাতন পেশার ।




Improvising Competency Standards of NPO by Adapting 4IR Technologies বিষয়ক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম।

শিল্প বিপ্লব উপযোগী পেশায় দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর যৌথ উদ্যোগে "চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলা এবং সম্ভাবনা কাজে লাগাতে প্রয়োজনীয় পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ" এর আওতায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ০১টি পাইলট প্রকল্প গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় গত ০৯ অক্টোবর, ২০২১ তারিখে এটুআই এর পরিচালনায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক Improving Competency Standards of NPO by Adapting 4IR Technologies বিষয়ক কারিকুলাম পরিমার্জন করার লক্ষ্যে দিনব্যাপী কর্মশালায় অংশগ্রহণ করে। কর্মশালাটি কৃষিবিদ ইন্সটিটিউট বাংলাদেশ (KIB), ঢাকা এর ৫ম তলায় অনুষ্ঠিত হয়। কর্মশালায় এনপিও'র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর প্রতিনিধিবৃন্দ।

## ন্যাশনাল প্রোডাকটিভি অর্গানাইজেশন(এনপিও)'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম এর পি আর এল জনিত বিদায় সংবর্ধনা

গত ২৯ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখে ন্যাশনাল প্রোডাকটিভি অর্গানাইজেশন (এনপিও)'র উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম এর পি আর এল জনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। উক্ত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র পরিচালক (অতিঃ দাঃ) ও যুগ্ম সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপসচিব (প্রশিক্ষণ ও এনপিও) মিজ্ নিলুফার জেসমিন খান। এছাড়াও এনপিও'র সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এনপিও'র গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মেহেদী হাসান।




বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র পরিচালক (অতিঃ দাঃ) ও যুগ্ম সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপসচিব (প্রশিক্ষণ ও এনপিও) মিজ্ নিলুফার জেসমিন খান।

## ২৬ মার্চ  মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

২৬ মার্চ ২০২২, ৫২তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানে মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি ও সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা উপস্থিত থেকে শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।




মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

# বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ উপদযাপন উপলক্ষ্যে এনপিও হতে অবসরগ্রহণকৃত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে এনপিও'র ০২ জন অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ড. মোঃ নজরুল ইসলাম, পরিচালক (অবসরপ্রাপ্ত) এবং জনাব মোঃ মনোয়ার হোসেন, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (অবসরপ্রাপ্ত) কে ২৬ মার্চ ২০২২ সকাল ১১.০০ টায় এনপিও'র সম্মেলন কক্ষে সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে এনপিও'র সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



এনপিও হতে অবসরগ্রহণকৃত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বীর মুক্তিযোদ্ধাদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন এনপিও এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

ঐতিহাসিক ০৭ই মার্চ এবং ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে এনপিও একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করে। উক্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতা ১৩ মার্চ, ২০২২ তারখে এনপিও এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম। "বঙ্গাবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতায় এনপিও এর কর্মকর্তাচারীদের সন্তানরা অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী প্রত্যেককে সান্ত্বনা পুরস্কার প্রদান করা হয়।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে এনপিও কর্তৃক আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীগণ এনপিও এর মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম (অতিরিক্ত সচিব) মহোদয়ের সাথে।

## “বঙ্গবন্ধু’র জীবনী এবং তার শিল্প ও উৎপাদনশীলতা ভাবনা” শীর্ষক একটি সেশন পরিচালনা

এনপিও কর্তৃক পরিচালিত উৎপাদনশীলতা বিষয়ক সকল প্রশিক্ষণ কোর্সে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর “বঙ্গবন্ধু’র জীবনী এবং তার শিল্প ও উৎপাদনশীলতা ভাবনা” শীর্ষক একটি সেশন ১৭ মার্চ ২০২০ হতে ২৬ মার্চ ২০২২ পর্যন্ত দেশের বিভিন্ন শিল্প সেবা প্রতিষ্ঠানে পরিচালনা করা হয়েছে। উক্ত সেশনে বঙ্গবন্ধু’র জন্ম ও শৈশব, কৈশোর , রাজনৈতিক জীবন, অর্থনৈতিক ভাবনা, শিল্প-কারখানার সম্প্রসারণ, জীবনাবসান নিয়ে আলোচনা করা হয়েছে। এই সেশনের মাধ্যমে প্রশিক্ষণার্থীগন বঙ্গাবন্ধু সর্ম্পকে সম্যক ধারণা লাভ করেছে।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে “বঙ্গবন্ধু’র জীবনী এবং তার শিল্প ও উৎপাদনশীলতা ভাবনা” শীর্ষক সেশন পরিচালনা করছেন এনপিও এর গবেষণা কর্মকর্তা জনাব রিপন সাহা।

## ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ১৭ মার্চ ২০২২ সোমবার দুপুর ২.৩০ ঘটিকায় এনপিও'র করিডোরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র মহাপরিচালক জনাব মুহাম্মদ মেসবাহুল আলম মহোদয় সভাপতিত্ব করবেন। আলোচনা সভায় আলোচনা করেন এনপিও এর ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মুহম্মদ আরিফুজ্জামান ও ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা মোছাঃ আবিদা সুলতানা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এনপিও এর গবেষণা কর্মকর্তা জনাব রিপন সাহা।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে এনপিও কর্তৃক আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন এনপিও'র মহাপরিচালক জনাব মুহাম্মদ মেসবাহুল আলম।

## 'ঐতিহাসিক ৭ই মার্চ' এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

ঐতিহাসিক ৭ই মার্চ । বাঙালি জাতির ইতিহাসে অবিস্মরণীয় দিন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে এক উত্তাল জনসমুদ্রে এ দেশের স্বাধীনতার প্রস্তুতির ডাক দেন। বঙ্গবন্ধু তাঁর বজ্রকণ্ঠে বলেন, 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ জাতীয় দিবস হিসেবে প্রথম বারের মতো উদযাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের পাশাপাশি এনপিও নিজস্ব কর্মসূচি পালন করে। এ উপলক্ষে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানে মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি ও সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা উপস্থিত থেকে শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।



'ঐতিহাসিক ৭ই মার্চ' এ এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন

১৬ ডিসেম্বর, ২০২১। মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী। বাঙালির হাজার বছরের ইতিহাসে সবচেয়ে গৌরব ও অহংকারের দিন। ৫০ বছর আগে এই দিনে বিশ্বের মানচিত্রে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় বাঙালি জাতিকে এনে দিয়েছিল আত্মপরিচয়ের ঠিকানা। বিজয়ের সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে শিল্প মন্ত্রণালয় চত্বরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। অনুষ্ঠানে মাননীয় শিল্প মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি ও সম্মানিত শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা উপস্থিত থেকে শিল্প মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।




মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তীতে এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম এনপিও'র পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন।

# কনসালটেন্সি সার্ভিস

কনসালটেন্সি সার্ভিস এর মাধ্যমে কোন প্রতিষ্ঠানে বিরাজমান সমস্যা চিহ্নিত পূর্বক সমস্যা সমাধানের মাধ্যমে বিদ্যমান সম্পদ (শ্রম, যন্ত্রপাতি, কাঁচামাল, অর্থ এবং তথ্য) কাজে লাগিয়ে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি করা হয় । ২০২১-২২ অর্থবছরে ০৭টি প্রতিষ্ঠানে কনসালটেন্সি সার্ভিস প্রদান করা হয়।








গত ১৭-১৯ জানুয়ারি, ২০২১ তারিখে বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ এ কনসালটেন্সি সার্ভিস প্রদান করা হয়।

## টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা SDG সংক্রান্ত

সারা বিশ্বের মানুষের শান্তি, সমৃদ্ধি ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে "২০৩০ এজেন্ডা" এমন একটি কর্ম-পরিকল্পনা যা বিশ্ব শান্তি জোরদার করবে এবং ক্ষুধা ও দারিদ্র্যসহ সকল প্রকার বৈষম্যের অবসান ঘটাবে। অতি দারিদ্র্যসহ সব ধরনের দারিদ্র্যের অবসান ঘটানোই এখন বিশ্বের সবচেয়ে বড় চ্যালেঞ্জ, আর এটাই হলো টেকসই উন্নয়নের পূর্বশর্ত। আগামী প্রায় দেড় দশক বিশ্বের সকল দেশ এই অভীষ্টগুলো বাস্তবায়নে কাজ করবে যার মধ্য দিয়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে জনগণের সকল ধরনের দারিদ্র্যের অবসান ঘটানো সম্ভব হবে।

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য সরকারের সিদ্ধান্ত মোতাবেক শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ১৭ টি লক্ষ্য এর মধ্যে ক্ষুধা মুক্তি (ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার) এবং শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো (অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ) শীর্ষক লক্ষ্যের আওতায় ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে।

### সম্পদের সুষ্ঠু ব্যবহার, উৎপাদনশীলতার অঙ্গীকার।

| প্রতিষ্ঠানের নাম | এসডিজি অ্যাকশন প্ল্যানে বর্ণিত কার্যক্রম/প্রকল্প হতে গৃহীত/অনুমোদিত প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | লীড/কো-লীড/এসোসিয়েট | কার্যক্রম/প্রকল্প ব্যয় (লক্ষ টাকা) | কার্যক্রম/প্রকল্পের বাস্তব অগ্রগতির হার % | ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি আর্থিক অগ্রগতির হার % |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| এনপিও | খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রতিষ্ঠানে ১০টি প্রশিক্ষণ প্রদান ( ২০২১-২০২৫) | লীড হিসেবে | নিয়মিত বাজেট | ১০০% | ১০০% |
| | উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে ১০টি প্রশিক্ষণ প্রদান ( ২০২১-২০২৫) | | | | |
| | গ্রীণ প্রোডাকটিভিটি বিষয়ে ১৫টি প্রশিক্ষণ প্রদান (২০২১-২০২৫) | | | | |
| | খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রতিষ্ঠানের নিয়োজিত কর্মকর্তা/ ব্যবস্থাপকদেরকে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ে ৫টি প্রশিক্ষণ প্রদান (২০২১-২০২৫)। | কো-লীড হিসেবে | নিয়মিত বাজেট | ১০০% | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ব্যবসার ক্ষেত্রে উৎপাদনশীল পরিচালনার লক্ষ্যে উদ্যোক্তাদেরকে উৎপাদনশীলতা বিষয়ে ৫টি প্রশিক্ষণ প্রদান (২০২১-২০২৫)। | | | | ১০০% |

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এনপিও'র কার্যক্রম

জাতীয় শুদ্ধাচার কৌশল এর মূল লক্ষ্য হল দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে । এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ০১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। ২০১৬-২০১৭ অর্থ-বছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থার জন্য শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়। ২০১৭-২০১৮ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, আওতাধীন দপ্তর/সংস্থার পাশাপাশি মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক এবং জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এ বছরও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২১২ প্রণয়ন করে।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর শুদ্ধাচার বিষয়ক কর্মকান্ড পরিচালনা করার জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ মেহেদী হাসান<br>গবেষণা কর্মকর্তা | ফোকাল পয়েন্ট |

## শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত নীতিমালা অনুযায়ী গ্রেড-২ হতে গ্রেড-০৯ ভুক্ত ১ জন কর্মচারী, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ১ জন কর্মচারী এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ৩ জন কর্মচারী কে "জাতীয় শুদ্ধাচার পুরস্কার" এর জন্য মনোনীত করা হয়েছে।

### "জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২" প্রাপ্ত

গ্রেড-০২ হতে গ্রেড-০৯

গ্রেড-১০ হতে গ্রেড-১৬




| | |
|---|---|
| জনাব মুহাম্মদ আরিফুজ্জামান<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা। | জনাব মোঃ রিপন মিয়া<br>পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী। |

গ্রেড-১৭ হতে গ্রেড-২০





| | | |
|---|---|---|
| জনাব মোঃ জুনায়েদ<br>ফটোকপি অপারেটর। | জনাব মোঃ আব্দুর রশিদ বিশ্বাস<br>অফিস সহায়ক। | জনাব মোঃ আনিচুর রহমান<br>অফিস সহায়ক। |

এছাড়া এনপিও ২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করেছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

## এনপি'ওর উত্তম চর্চাসমূহ

এনপি'ওর উত্তমচর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উত্তম চর্চাসমূহ নিম্নরূপঃ

### উত্তম চর্চা (Best Practice)

সুশাসন সংহতকরণের মাধ্যমে উন্নত নাগরিক সেবা নিশ্চিত এবং সরকারের নানাবিধ নীতি ও কৌশল বাস্তবায়ন করতে সাম্প্রতিক সময়ে অনেকগুলো ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে । জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এ সকল উদ্যোগ প্রতিনিয়ত নতুন নতুন মাত্রা যোগ করছে। এ ক্ষেত্রে বিভিন্ন দপ্তর অনেক ছোট ছোট ইনোভেশন বা উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করছে। এ সকল ইনোভেশন মূখ্যত সেবা প্রার্থীগণের কাঙ্খিত সেবা প্রাপ্তির সময় কমানোর লক্ষ্যেই গৃহীত।


ইনোভেশন এমন এক ধরণের কাজ, এতে সবসময় সাফল্য নাও আসতে পারে। তাই বলে ইনোভেশন কিন্তু থেমে থাকতে পারে না। এটি প্রকৃতই একটি নিরীক্ষামূলক ব্যবস্থা। এসকল ক্ষেত্রে দেখা যায় যে, কিছু ছোট ছোট ভাল কাজের চর্চা হয় তাহলে ইনোভেশনের মাধ্যমে পদ্ধতিগত পরিবর্তন আনার ক্ষেত্রে ইতিবাচক ফল পাওয়া যায়।

তবে এ চর্চা যদি শুধুই সরকারি সেবা প্রদানে বা সরকারি দপ্তর/পরিদপ্তরে সীমাবদ্ধ থাকে তাহলে এটি বৃহৎ পরিসরে ব্যবহার হওয়ার সুযোগ হারানোর আশঙ্কা থেকে যায়। এ বিষয়টি বিবেচনায় নিয়ে এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক কিছু ছোট ছোট ভাল কাজের (good practice) উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ সকল ছোট ছোট ভাল চর্চাগুলো সরকারি দপ্তরের গন্ডি পেরিয়ে বৃহত্তর সমাজের নানান অংশকে সম্পৃক্ত করছে। এ লক্ষ্য অর্জনের মাধ্যমে বৃহত্তর সমাজে উত্তম চর্চার যাত্রাপথ কিছুটা হলেও মসৃণতর হবে বলে আশা করা যায়।

## অফিসিয়াল নথি নিষ্পত্তিতে ই-নথির ব্যবহার

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সকল অফিসিয়াল নথি নিষ্পত্তিতে ই-নথি ব্যবহৃত হচ্ছে। ফলশ্রুতিতে অফিসে কাগজের ব্যবহার সীমিত হয়েছে। শিল্প মন্ত্রণালয় সহ অন্যান্য সকল প্রতিষ্ঠানে ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ করা হচ্ছে। এছাড়াও ই-নথি সিস্টেমের মধ্যে আগত সকল পত্রের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।



## নিয়মিত দাপ্তরিক ওয়েবসাইট হালনাগাদকরণ

নাগরিক তথ্য/সেবা নিশ্চিতকরণে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সকল কার্যক্রম নিয়মিত দাপ্তরিক ওয়েবসাইটে (www.npo.gov.bd) হালনাগাদ করা হচ্ছে ।



ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), জাপান এর যৌথ উদ্যোগে বাংলাদেশের বিভিন্ন সেক্টরের উৎপাদনশীলতা, গুণগতমান, প্রতিযোগিতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Bangladesh National Productivity Master Plan 2021-2030 তৈরি করা হয়েছে। যেখানে আগামী দশ বছরের উৎপাদনশীলতার প্রবৃদ্ধি অর্জনের হার ৫.৬% নির্ধারণ করা হয়েছে। যাতে ৫টি লক্ষ্যের মাধ্যমে উদ্ভাবনী ও সক্রিয় উদ্যোগ, উচ্চমূল্য সংযোজনকৃত পণ্য ও সেবা উৎপাদন, আন্তর্জাতিক মানের আধুনিক পণ্য ও দক্ষ সেবার রপ্তানী বৃদ্ধি এবং ব্যবসা পরিচালনা ও প্রবৃদ্ধিতে সহায়ক পরিবেশ সৃষ্টি, শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বিধিমালার প্রয়োজনীয় সংস্কারের কথা বলা হয়েছে। এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), জাপান এর তথ্য অনুযায়ী বাংলাদেশের বর্তমান উৎপাদনশীলতার প্রবৃদ্ধি (১৯৯৫-২০১৬) ৩.৮% ।

আগামী ২০৪১ সালের প্ল্যান অনুযায়ী দেশব্যাপী ৪৭ টি সরকারি/বেসরকারি দপ্তর /সংস্থা সমন্বয়ে উৎপাদনশীলতার প্রবৃদ্ধি অর্জনের হার ৫.৬% উন্নিত করা হবে। মাস্টার প্ল্যান বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার সমন্বয়ে একটি Action plan তৈরি করা হয়েছে। ইতোমধ্যে অষ্টম-পঞ্চম বার্ষিকী কর্মপরিকল্পনায় মাস্টার প্ল্যান বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। এপিও কর্তৃক প্রণীত ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান (২০২১-২০৩০) বাস্তবায়নের লক্ষ্যে এনপিও তে ৫টি কমিটি গঠন করা হয়েছে। কমিটিগুলো বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে নিয়মিত সভা আয়োজন করছে।

## ভার্চুয়াল প্লাটফর্মে সভা আয়োজন

কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে সরকারি সভাসমূহে সরাসরি অংশগ্রহণের সুযোগ সীমিত থাকায় জুম প্লাটফর্মে নিয়মিত বিভিন্ন বিষয় সম্পর্কিত সভার আয়োজন করা হচ্ছে।

## প্রকল্প সংক্রান্ত তথ্য

**প্রকল্প -১:**

**প্রকল্পের নাম:** আধুনিক সুযোগ সুবিধাসহ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর অফিস ভবন নির্মাণ।

**প্রকল্পের মেয়াদ:** প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল ৩০ জুন, ২০১৮ পর্যন্ত। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ম বার শিল্প মন্ত্রণালয় কর্তৃক ৩০ জুন ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ২য় বার মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে বিবেচনাধীন আছে।

**প্রাক্কলিত ব্যয়:** ৬৫৯২.৯২ লক্ষ টাকা ।

**জমির পরিমাণ:** ০.৪২ একর, প্লটনং: এফ-২০/এ, স্থান : শেরে বাংলানগর , ঢাকা।

**অগ্রগতি :** প্রকল্পের মূল ভবন নির্মাণের জন্য সর্বনিম্ন দরদাতা ৪৪, ৫৬, ৬১, ৮৯৮ টাকা (হিসেবে গত ১৯/০৬/২০১৭ তারিখে জামিল ইকবাল এন্ড বঙ্গ বিল্ডার্স লিঃ কে PWD কর্তৃক IFIC Action of Award (NoA) এবং গত ১৬/০৭/২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

**মামলা সংক্রান্ত:** প্রকল্পের জায়গায় অবৈধভাবে অবস্থানরত দখলদারদের দখলমুক্ত করার জন্য PWD কর্তৃক জারীকৃত নোটিশের প্রেক্ষিতে দখলদারগণ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দাখিল করে। উক্ত রিটের প্রেক্ষিতে মহামান্য আদালত গত ১৩/০৪/২০১৭ তারিখে প্রদত্ত আদেশে নোটিশের কার্যকারিতা ২ (দুই) মাসের জন্য স্থগিত করে। ০৭ মে, ২০১৭ তারিখে মাননীয় আপিল বিভাগ হতে স্থগিতাদেশ প্রত্যাহারের আবেদন খারিজ করে ৮ সপ্তাহের মধ্যে মামলাটি নিষ্পত্তির জন্য নিয়মিত শুনানির নির্দেশ প্রদান করেন। মামলাটি শুনানি চলছে এবং মামলার বিষয়ে এনপিও'র পরিচালক সার্বক্ষণিক অ্যাটর্নি জেনারেল ও ডেপুটি অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ে সরাসরি সাক্ষাত এবং ফোনে যোগাযোগ অব্যাহত রাখছেন।

**প্রকল্প-২:**

‘ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ’।

**প্রকল্পের মেয়াদ:** এপ্রিল, ২০১৯ হতে ৩০ জুন, ২০২২

**প্রাক্কলিত ব্যয়:** ১০৮৩.৫৮ লক্ষ টাকা ।

**অগ্রগতি:** গত ২৬/০২/২০১৯ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের মূল্যায়ণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের কাজে জনবলের বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং গত ১৯ জুন, ২০১৯ তারিখ পদ/লোকবলের সংখ্যা নির্ধারণের জন্য গঠিত আন্ত:মন্ত্রণালয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়ার পর প্রকল্পটি পুনর্গঠন করে পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।

## এনপিও’র আইসিটি নীতিমালা-২০০৯ মোতাবেক আইসিটি বিষয়ক কার্যক্রম

ক) আইসিটি খাতের জন্য ২০২০-২১ অর্থ বছরের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখা হয়েছে এবং দপ্তরের সকল কম্পিউটারকে ব্রডব্যান্ড লাইনের আওতায় নেয়া হয়েছে।

খ) দাপ্তরিক যোগাযোগ, নথি প্রক্রিয়াকরণ এবং সংরক্ষণে ওয়েবসাইট, নেট ও কম্পিউটার ব্যবহারের মাধ্যমে কাগজের ব্যবহার হ্রাস করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।

গ) জ্বালানির দক্ষ ব্যবহার, আন্তর্জাতিক মান যেমন ISO বিষয়ে যোগ্যতা, লিন ম্যানুফ্যাকচারিং, আধুনিক উৎপাদন পদ্ধতি, ইত্যাদি সংক্রান্ত বিষয়ে স্টক হোল্ডারদেরকে পর্যাপ্ত প্রশিক্ষণেরর ব্যবস্থা নেয়া হয়েছে ।

ঘ) স্ট্র্যাটেজিক ম্যানেজমেন্টের পরামর্শ প্রদান সম্পর্কিত ক্ষমতা উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ঙ) সিটিজেন চার্টার অনলাইনে দেয়া হয়েছে ।

চ) দপ্তরে আইসিটি সেল গঠন করা হয়েছে ।

### এনপিও’র আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) স্ব-উদ্যোগে এবং সরকারের বিভিন্ন নীতিমালা অনুযায়ী ডিজিটালাইজেশনের নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। এনপিওতে যে সকল ডিজিটাল কার্যক্রম চলমান রয়েছে তা নিম্নরূপ:

### জাতীয় তথ্য বাতাবায়নের অধীনে ওয়েবসাইট স্থাপন

জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্কের অধীনে এনপিও’র ওয়েবসাইট (www.npo.gov.bd) তৈরী করা হয়েছে যা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এর ফলে এনপিও এবং এনপিও’র কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগন জানতে পারছে । এনপিও’র সকল গুরূত্বপূর্ণ কার্যাবলীর হালনাগাদ তথ্য ওয়েবসাইটে সন্নিবেশ করা হয়।

### বাংলা ডোমেইনে এনপিও

এনপিও ইতোমধ্যে .bd ডোমেইন এর পাশাপাশি .বাংলা ডোমেইনে রেজিস্ট্রেশন এবং ডিএনএস আপলোড করা হয়েছে। এর ফলে এনপিও’র ওয়েবসাইট npo.gov.bd এর পাশাপাশি এনপিও.বাংলা ওয়েব এড্রেসের মাধ্যমে ব্রাউজ করা যাচ্ছে।

### Online Kaizen সফটওয়্যার প্রস্তুত

KAIZEN উৎপাদনশীলতা উন্নয়নের একটি জাপানি টেকনিক। প্রতিষ্ঠান পর্যায়ে পরিদর্শনের মাধ্যমে KAIZEN কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি অনলাইনেও KAIZEN কর্মসূচি বাস্তবায়ন ও মনিটরিং করা হচ্ছে।

### উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন প্রস্তুত বিষয়ক সফটওয়্যার

উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এর ফলে উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন প্রস্তুতের জন্য প্রতিষ্ঠান ভিত্তিক তথ্য অনলাইনেই সংগ্রহ করা যাচ্ছে। এর ফলে উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন পূর্বের তুলনায় অনেক কম সময়ে প্রস্তুত করা যাচ্ছে।

### দক্ষ জনবল দ্বারা আইসিটি সেল স্থাপন

ডিজিটাল কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে এনপিও তে  ই-গভর্ন্যান্স ও আইসিটি শাখা রয়েছে। বর্তমানে এতে একজন সহকারী প্রোগ্রামার কর্মরত রয়েছেন। ই-গভর্ন্যান্স ও আইসিটি শাখাকে শক্তিশালীকরণের জন্য এনপিও কর্তৃক প্রস্তাবিত জনবল বৃদ্ধির তালিকায় এই শাখায় কয়েকজন জনবলের তালিকা অন্তর্ভুক্ত  করা হয়েছে। এর ফলে এ দপ্তরে আইসিটি বিষয়ক কার্যক্রম বিভিন্ন ক্ষেত্রে আরও গতিশীলতা লাভ করবে।

### ডিজিটাল সরঞ্জামাদি সংক্রান্ত

এনপিও প্রত্যেক কর্মকর্তার জন্য ইন্টারনেট সংযোগ সহ কম্পিউটার প্রদান করা হয়েছে। এছাড়া প্রত্যেক কর্মকর্তাকে প্রিন্টার, স্ক্যানার প্রদান করা হয়েছে। এসব ব্যবহারের ফলে এনপিওতে ডিজিটাল কার্যক্রমের মাধ্যমে কর্ম সম্পাদনের হার অনেক বেড়েছে।

### ডিজিটাল এটেনডেন্স

দপ্তরে ডিজিটাল এটেনডেন্স সিস্টেম চালু রয়েছে। এতে সকল কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে নিয়মিত উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

### Wi-fi Network স্থাপন

এ দপ্তরে দ্রুতগতি সম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের পাশাপাশি  দ্রুতগতি সম্পন্ন Wi-fi Network স্থাপন করা হয়েছে। এর ফলে এ দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ও স্মার্টফোন মোবাইলের মাধ্যমে অনলাইন ভিত্তিক বিভিন্ন তথ্য জানতে ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার করতে পারছে।

### ডিজিটাল কনফারেন্স বোর্ড স্থাপন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও) এর সভা কক্ষে ও কনফারেন্স রুমে দুইটি কনফারেন্স বোর্ড স্থাপন করা হয়েছে । এর ফলে প্রেজেন্টেশন সহ বহুমুখী কাজে এই বোর্ড ব্যবহার করা  হচ্ছে ।

### সিসি ক্যামেরা

এনপিও দপ্তরের সকল জায়গায় এবং কনফারেন্স রুমে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এর ফলে ডিজিটাল নজরদারির মাধ্যমে নিরাপত্তা জোরদার করা সম্ভব হয়েছে ।

### ই-নথি

এ দপ্তরে ই-নথি কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন হচ্ছে। শিল্প মন্ত্রণালয় সহ অন্যান্য সকল প্রতিষ্ঠানে ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ করা হচ্ছে। এছাড়াও ই-নথি সিস্টেমের মধ্যে আগত সকল পত্রের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করা হচ্ছে।

### কোভিড-১৯ কালীন তথ্য-প্রযুক্তির ব্যবহার

- এনপিসি, এনপিইসি এবং উপদেষ্টা কমিটির বিভিন্ন সভা অনলাইনের মাধ্যমে সম্পন করা হচ্ছে।
- এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সাথে বিভিন্ন সভা, প্রশিক্ষণ, কর্মশালা এবং টিইএস নিয়মিত অনলাইনের মাধ্যমে করা হচ্ছে।
- উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ ফেসবুক এর মাধ্যমে প্রচার করা হয়েছে।

## চলমান কোভিড -১৯ মহামারি মোকাবেলায় গৃহীত ব্যবস্থার বিবরণ

চলমান কোভিড-১৯ মহামারি থেকে বেঁচে থাকার জন্য এনপিও-তে কর্মরত সকল কর্মীদের দেহের তাপমাত্রা পরিমাপক থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এছাড়া কোন কর্মীর তাপমাত্রা স্বাভাবিকের বেশি হলে এবং সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থ্যাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বাধ্যতামূলক ছুটি নিয়ে সংগনিরোধ (Quarantine) এর ব্যবস্থা ও গ্রহণ করা হয়েছে ।

কর্মক্ষেত্রে নিয়মিত বিরতিতে হাত ধোয়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, আইইডিসিআর কর্তৃক নির্দেশিত পন্থায় হাচিঁ-কাশি দেয়া, করমর্দন বা কোলাকুলি থেকে বিরত থাকা, জনসমাগম পরিহার করা সর্বোপরি পরিস্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে এনপিও'র বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য প্রদানের ব্যবস্থা ও গ্রহণ করা হয়েছে।

এ সংক্রান্ত এনপিও, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা (২য় তলা) ২২০ নম্বর কক্ষে কন্ট্রোল রুম খোলা হয়েছে। এনপিও'র গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান কে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত করা হয়েছে। কন্ট্রোল রুমের হট লাইন নম্বর +৮৮০২৪১০৫০৪২৭, মোবাইল নম্বর +৮৮০১৭২৪৫৯৮৩৬১, ই-মেইল এ্যাড্রেস monirnpo82@gmail.com.

## তথ্য অধিকার

সরকারি কাজকর্মে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সরকার তথ্য অধিকার আইন করেছে। এর মাধ্যমে যে কোন প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য প্রাপ্তি সহজতর করা হয়েছে। এই আইনের অধীন প্রকাশযোগ্য যাবতীয় তথ্য এনপিও'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী যেসব তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয় সেসব তথ্য ব্যতীত অন্য কোন তথ্য পেতে নির্ধারিত ফরমের মাধ্যমে অথবা সাদা কাগজে অথবা ই-মেইলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে হবে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অনধিক ২০ (বিশ) কর্মদিবসের মধ্যে তথ্য সরবরাহ করবেন। তথ্য প্রদানে অপারগ হলে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করতে হবে । নির্ধারিত সময়সীমা অতিক্রম হওয়ার পর কেউ তথ্য না পেলে তিনি আপিল বিভাগের কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন। তথ্য অধিকার আইনে তথ্য সমূহকে ০৩(তিন) টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যথাঃ

- স্ব-প্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

### এনপিও'র স্ব-প্রণোদিত তথ্যের তালিকাঃ

- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) সাংগঠনিক কাঠামোর বিবরণ;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) কার্যক্রম ;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও) কর্মকর্তাদের নাম, পদবী, দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর;
- ই-মেইল ঠিকানা;
- বার্ষিক প্রতিবেদন;
- এনপিও'র বাজেট প্রজ্ঞাপন (অনুন্নয়ন ও উন্নয়ন);

- সকল প্রকাশিত গবেষণা প্রতিবেদন;
- তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবী ও ঠিকানা ;
- এপিও'র সদস্যভুক্ত দেশ সমূহের তালিকা;
- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচন কর্মসূচি সংক্রান্ত তথ্য;
- সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি ও
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র সভা সংক্রান্ত তথ্য ।

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো এনপিও'র ওয়েবসাইটে ( www.npo.gov.bd ) প্রকাশ করা হয়েছে ।

## চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকাঃ

- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য ও
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত তথ্য।

## যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়ঃ

- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সংক্রান্ত সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন;
- রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন ও
- সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য ।

**তথ্য সরবরাহের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও আপিল কর্তৃপক্ষের তথ্য।**

| দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল/ফোন ও ইমেইল |
|---|---|
| মিজ্ আবিদা সুলতানা<br>উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা<br>ফোকাল পয়েন্ট | ০১৭২২১৪৩৪২৫<br>mostabedaeco@yahoo.com |
| সুরাইয়া সাবরিনা<br>গবেষণা কর্মকর্তা<br>বিকল্প ফোকাল পয়েন্ট | ০১৮৩১৪৭৯৬৭০<br>suraiyasubrina@gmail.com |

# অভিযোগ প্রতিকার ব্যবস্থা

জনগণের নিকট জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার ব্যবস্থার মূল উদ্দেশ্য। এনপিও'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আলোকে বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে কর্মকর্তা/কর্মচারীদের সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, সভা অনুষ্ঠান এবং প্রচারণামূলক কর্মসূচি গ্রহণ ।

## অর্থবছরে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য

| পূর্ববর্তী বছর থেকে আগত অভিযোগ | বিবেচ্য বছরে প্রাপ্ত | মোট প্রাপ্ত অভিযোগ | অভিযোগ নিষ্পত্তি | | মোট নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মোট অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রমানিত | অপ্রমানিত | | |
| (৩) | (৪) | (৫)<br>(৩+৪) | (৬) | (৭) | (৮)<br>(৬+৭) | (৯)<br>(৫-৮) |
| - | - | - | - | - | - | - |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ বাস্তবায়ন। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদানুযায়ী মানসম্মত প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ সেবা প্রদান। এনপিও প্রদত্ত সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন এবং উৎপাদনশীলতা পরিমাপের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের অপ্রাপ্যতা।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

এনপিও দপ্তরকে অধিদপ্তর এ উন্নীতকরণ। অর্থনীতির বিভিন্ন খাত ও উপখাতে উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করা। উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ , পরামর্শ ও গবেষণার ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের সাথে সাথে বেসরকারি প্রতিষ্ঠানে প্রদত্ত সেবা সম্প্রসারণ করা। **ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রস্তুত করা**। Institutional Appreciation Award সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং উৎপাদনশীলতা **বিষয়ক নীতিমালা/আইন প্রণয়ন**।

## এনপিও’র কর্মকর্তাদের পরিচিতি

| নাম | পদবী | মোবাইল নং | ইমেইল |
|---|---|---|---|
| জনাব মুহম্মদ মেসবাহুল আলম | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | ৯৫৬২৮৮৩ | npobd1982@gmail.com |
| জনাব মুহাম্মদ আরিফুজ্জামান | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৯১৪-৭৫০০০৯ | maz2021@yahoo.com |
| জনাব মোঃ ফরিদ উদ্দিন | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৭১৬-৯৯১৩৮৬<br>৯৫৮৫৬২৪ | farid.npo64@yahoo.com |
| মোছাম্মৎ ফাতেমা বেগম | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৫৫৭-৩৮৬৭০৬ | fatamabegumnpo@gmail.com |
| মোছা: আবিদা সুলতানা | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | ০১৭২২-১৪৩৪২৫ | mostabedaeco@yahoo.com |
| জনাব মোঃ আমিনুল ইসলাম | সহকারী প্রোগ্রামার | ০১৫৫৭-৭৬৮০০৫ | aminulnpo@gmail.com |

| | | | |
|---|---|---|---|
| জনাব মোঃ রাজু আহম্মেদ | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি) | ০১৯২০-২৮১০৬০ | ahammed_razu@yahoo.com |
| জনাব রিপন সাহা | গবেষণা কর্মকর্তা | ০১৭৩৯-২৭৮৪৮১ | ripon.nop@gmail.com |
| মিজ সুরাইয়া সাবরিনা | গবেষণা কর্মকর্তা | ০১৮৩১-৪৭৯৬৭০ | suraiyasubrina@gmail.com |
| জনাব মোঃ মেহেদী হাসান | গবেষণা কর্মকর্তা | ০১৭১৬-৯৮১৮১০ | mehedinpo@gmail.com |
| জনাব মোঃ মনিরুজ্জামান | গবেষণা কর্মকর্তা | ০১৭২৪-৫৯৮৩৬১ | monir_npo01@yahoo.com |
| জনাব মোঃ আকিবুল হক | গবেষণা কর্মকর্তা | ০১৭৪০-৫০৬৮৩৪ | hmd.akibul@yahoo.com |
| মিজ নাহিদা সুলতানা রত্না | গবেষণা কর্মকর্তা | ০১৭৪৮-২১৯০৫০ | nahida_npo@yahoo.com |
| সৈয়দ জায়েদ-উল ইসলাম | গবেষণা কর্মকর্তা | ০১৭৪৮-২১৯০৫০ | nahida_npo@yahoo.com |
| মিজ ফারজানা হক | গবেষণা কর্মকর্তা | ০১৬৭৪-৯৬৩৯০৮ | ferjanahoque@gmail.com |
| আবদুল্লাহ আল যোবায়ের | গবেষণা কর্মকর্তা | ০১৬৮৩-৩৪৭৯৬৯ | zobair4222@gmail.com |
| জনাব ফিরোজ আহমেদ | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৯১২-৫১৭২১১ | firazsi99@gmail.com |
| জনাব মোঃ রিপন মিয়া | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭১৭-৩৪৯২১৯ | ripan213@gmail.com |
| জনাব মোঃ লিমন লাবু | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭১৭-৬৭৫১৬৫ | lemon.npo@gmail.com |
| জনাব মোঃ হাসান মোল্লা | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭২৪-৯৭৪৮৫৭ | mehedihasan83603@gmail.com |
| মিজ জান্নাতুল ফেরদৌস | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭৭৭-৬৩৪৪৪৫ | Jannat.npo@gmail.com |
| মিজ নাজমুন্নাহার | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৯১৬-৫২৬২৯৯ | nazmunnaharrupa457@gmail.com |
| জনাব এস.এম. নাইমুর রহমান | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৬৭৫-৩১৭৮২৬ | naimurrahman.si.npo@gmail.com |
| জনাব এ এফ এম হাসান-উল-বান্না | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭৩৭-৩২৯৫২২ | npobanna@gmail.com |
| জনাব মোঃ রাজিব হোসাইন | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭৩৯-৯০৫৫০৭ | rajibju42@gmail.com |
| জনাব এস.এম. জসীম উদ্দীন | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ০১৭২৩-০৩৪৮৯৮ | jasim.zoha@gmail.com |